**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date : 05-04-24** **Desk in Charge :**

**Time : 7.50 PM** **Compiling :**

**Morning /Day /Evening** **National/ Regional/ General**

**Opening Announcement –** আকাশবাণী / খবর পড়ছি –

## বিশেষ বিশেষ খবর –

১/ লোকসভা নির্বাচনে পশ্চিমবঙ্গের জন্য নিযুক্ত বিশেষ পুলিশ পর্যবেক্ষক আজ কলকাতায় এসেছেন। # প্রথম দফা ভোটে কেন্দ্রীয় বাহিনী মোতায়েন নিয়ে আগামীকাল বৈঠকে উপস্থিত থাকবেন তিনি।

২/ নির্বাচন কমিশন ভোট কর্মীদের নতুন ভাতা প্রদানের হার ঘোষণা করেছে।

৩/ বামফ্রন্ট, লোকসভা নির্বাচনের জন্য পঞ্চম প্রার্থী তালিকা প্রকাশ করেছে।

৪/ প্রথম দফার ভোটের জন্য 'হোম ভোটিং'-এর ব্যবস্থা আজ শুরু হয়েছে। ভোটের দিন এগিয়ে আসার সঙ্গে সঙ্গেই জমে উঠেছে প্রচার।

৫/ কলকাতা হাইকোর্ট, ময়নার বিজেপির বুথ সভাপতি বিজয়কৃষ্ণ ভুঁইয়ার অস্বাভাবিক মৃত্যুর মামলার তদন্তভার দিয়েছে NIA কে।

৬/ তীব্র অস্বস্তিকর গরমে রাজ্যের মানুষ নাজেহাল। বিভিন্ন জেলায় আগামীকাল'ও তাপ প্রবাহের সতর্কতা জারি।

***********************************************************

পশ্চিমবঙ্গের জন্য নিযুক্ত বিশেষ পুলিশ পর্যবেক্ষক অনিল কুমার শর্মা আজ সন্ধ্যায় কলকাতায় এসেছেন। বিমানবন্দর থেকে তিনি সোজা যান বিএসএফের গেস্ট হাউসে। আগামীকাল বেলা বারোটায় বিশেষ সাধারণ পর্যবেক্ষক আলোক সিনহা এবং পুলিশ পর্যবেক্ষক অনিল কুমার শর্মার সঙ্গে রাজ্যের মুখ্য নির্বাচনী

আধিকারিক আরিজ আফতাবের বৈঠক হবে। মূলত প্রথম পর্যায়ের ভোটে নিরাপত্তা বাহিনী মোতায়েন নিয়ে বৈঠকে আলোচনা হবার কথা। উপস্থিত থাকবেন রাজ্য পুলিশের নোডাল অফিসার, ADG আনন্দ কুমার এবং সিআরপিএফ-এর আইজি, কেন্দ্রীয় বাহিনীর এরাজ্যের কোঅর্ডিনেটর B K শর্মা। গত পঞ্চায়েত ভোটে কোথায় কোথায় অশান্তির ঘটনা ঘটেছিল, তার বিস্তারিত রিপোর্ট তাঁরা পর্যালোচনা করবেন। এজন্য মুখ্য নির্বাচনী আধিকারিক সব জেলা শাসককে রিপোর্ট পাঠাবার নির্দেশ দিয়েছেন। গোলযোগপ্রবণ বুথগুলি নিয়ে বৈঠকে আলোচনা হবে বলে সূত্রের খবর।

এদিকে, আসন্ন লোকসভা নির্বাচনে রাজ্যের জন্য নির্বাচন কমিশন কর্তৃক নিযুক্ত বিশেষ সাধারণ পর্যবেক্ষক অলোক সিনহা আজ বৈঠক করেন মুখ্য নির্বাচনী আধিকারিক আরিজ আফতাব সহ অন্যান্য আধিকারিকদের সঙ্গে। মূলত নির্বাচনের প্রস্তুতি, আইনশৃঙ্খলা সহ বিভিন্ন বিষয়ে তাদের মধ্যে কথা হচ্ছে বলে জানা গেছে।

লোকসভা নির্বাচনে পশ্চিমবঙ্গের জন্য নিযুক্ত বিশেষ পুলিশ পর্যবেক্ষক আজ কলকাতায় এসেছেন। # প্রথম দফা ভোটে কেন্দ্রীয় বাহিনী মোতায়েন নিয়ে আগামীকাল বৈঠকে উপস্থিত থাকবেন তিনি।

*********************

নির্বাচন কমিশন, পরিবহন দপ্তরের অধিকর্তা দিব্যেন্দু দাসকে অতিরিক্ত মুখ্য নির্বাচন আধিকারিক পদে নিয়োগ করেছে । তিনি অমিত রায়চৌধুরীর স্থলাভিষিক্ত হলেন। অন্যদিকে অমিত বাবুকে পাঠানো হয়েছে খাদ্য সরবরাহ দপ্তরে।

*********************

নির্বাচন কমিশন লোকসভা নির্বাচনে ভোট কর্মীদের নতুন ভাতা প্রদানের হার ঘোষণা করেছে। প্রিসাইডিং অফিসার থেকে শুরু করে জোনাল অফিসার, ভোট পরিচালনার দায়িত্বে কর্মীদের বিভিন্ন পর্যায়ে ধাপে ধাপে ভাগ করে এই হার

নির্ধারণ করা হয়েছে। কমিশন সূত্রের খবর, ভোটের কাজ বুঝে নেওয়ার জন্য কর্মীদের দু'দফায় প্রশিক্ষণ দেওয়া হয়। ভোট কর্মী পিছু মধ্যাহ্নভোজের জন্য এবারে বরাদ্দ অর্থের পরিমাণ মাথাপিছু ১৭০ টাকা। এছাড়াও লোকসভা নির্বাচনে প্রিসাইডিং অফিসাররা তিন দিনের ট্রেনিংয়ের জন্য সাড়ে তিনশো টাকা করে পাবেন। ভোটের সামগ্রী নিয়ে আসার জন্য চতুর্থ এবং পঞ্চম দিন অর্থাৎ ভোটের দিনও পাবেন ৩৫০ টাকা। একইসঙ্গে একজন পোলিং অফিসারের তত্ত্ববধানে যে ক'জন কর্মী নিযুক্ত থাকবেন তাঁদের মাথা পিছু ৩০০ টাকা করে দেওয়া হবে।

কমিশনের তরফে জানানো হয়েছে, পোল ডিউটিতে যে সমস্ত প্রিসাইডিং অফিসাররা যুক্ত থাকবেন তাঁরা মোবাইল রিচার্জের জন্য ৫০ টাকা পাবেন। ভোটের কাজে নিযুক্ত অস্থায়ী কর্মীদের প্রশিক্ষণ থেকে শুরু করে ভোট পর্ব পর্যন্ত ২০০ টাকা দেওয়া হবে। ভোটের কাজে 'মাস্টার ট্রেনার'রা ট্রেনিংয়ের জন্য ৩৫০ টাকা করে পাবেন।

*********************

বামফ্রন্ট, লোকসভা নির্বাচনের জন্য <u>পঞ্চম প্রার্থী তালিকা</u> প্রকাশ করেছে। ফ্রন্টের চেয়ারম্যান বিমান বসু আজ এক সাংবাদিক সম্মেলনে পাঁচটি আসনে প্রার্থীদের নাম ঘোষণা করেন।

<u>ব্যারাকপুরে</u> CPIM-এর দেবদূত ঘোষ, <u>বসিরহাটে</u> ওই দলের'ই নিরাপদ সর্দার এবং <u>ডায়মন্ড হারবারে</u> SFI-এর প্রাক্তন রাজ্য সভাপতি প্রতিকুর রহমান প্রার্থী হচ্ছেন। <u>ঘাটালে</u> CPI-এর তপন গাঙ্গুলী এবং <u>বারাসাতে</u> ফরোয়ার্ড ব্লকের প্রবীর ঘোষ প্রতিদ্বন্দ্বিতা করবেন।

ISF-এর সঙ্গে বোঝাপড়া না হওয়ার জন্য তাদের বিরুদ্ধে যে আঙুল তোলা হচ্ছে, তা' খারিজ করে দিয়ে বিমানবাবু বলেন- <u>(বাইট- বিমান)</u>

উল্লেখ্য, ISF গতকাল দ্বিতীয় প্রার্থী তালিকা প্রকাশ করেছে। ডায়মন্ড হারবার, ব্যারাকপুর, বসিরহাট ছাড়াও বালুরঘাট, উলুবেড়িয়া ও যাদবপুর আসনে প্রার্থীদের

নাম ঘোষণা করা হয় ওই তালিকায়। শ্রীরামপুর আসন নিয়ে বোঝাপড়া না হওয়ায় শেষ পর্যন্ত ISF বামেদের সঙ্গে আসন রফা থেকে সরে এসেছে বলে জানা গেছে।

*********************

কংগ্রেস আজ নির্বাচনী ইস্তেহার প্রকাশ করেছে। নতুন দিল্লিতে দলের সভাপতি মল্লিকার্জুন খাড়গে, এই ইস্তেহার প্রকাশ করেন। এতে সামাজিক ন্যায় বিচারের ওপর জোর দেওয়া হয়েছে। প্রবীন নাগরিক, বিধবা, শারীরিকভাবে অক্ষমদের জন্য কেন্দ্রীয় সরকারি অনুদান দ্বিগুণ করা, দুঃস্থ মহিলাদের বছরে এক লক্ষ টাকা দেওয়া এবং তপশীলিদের বাসস্থান নির্মাণ ও ব্যবসা বাণিজের ক্ষেত্রে আর্থিক সাহায্যর পরিমাণ বাড়ানোর প্রতিশ্রুতি দেওয়া হয়েছে।
প্রদেশ কংগ্রেস সভাপতি অধীর রঞ্জন চৌধুরী এই ইস্তেহারকে যুগান্তকারী বলে অভিহিত করেছেন।

*********************

রাজ্যে লোকসভা ভোটের প্রথম পর্যায়ে, বিশেষ ক্ষেত্রে বাড়িতে বসে ভোট দেওয়ার ব্যবস্থা আজ শুরু হচ্ছে। চলবে ১৪ ই এপ্রিল পর্যন্ত। এই 'হোম ভোটিং' এর সুবিধা পাবেন, ৮৫ বছরের বেশি বয়সী প্রবীণ এবং ৪০ শতাংশ বা তার বেশি প্রতিবন্ধকতাযুক্ত ভোটাররা। তিনটি আসনে এরকম ভোটার আছেন ৯ হাজার ৭৩৫ জন।
রাজ্যের অতিরিক্ত মুখ্য নির্বাচনী আধিকারিক অরিন্দম নিয়োগী জানিয়েছেন, রাজ্যে ৮৫ উর্ধ ভোটার রয়েছেন চার লক্ষ ৭৮ হাজারের বেশি।

*********************

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি জলপাইগুড়িতে সাম্প্রতিক ঘূর্ণিঝড়ের পর ত্রাণ নিয়ে কোনোরকম বঞ্চনার অভিযোগ খারিজ করে দিয়েছেন। তিনি আজ জলপাইগুড়ির ABPC ময়দানে দলীয় প্রার্থী নির্মল চন্দ্র রায়ের সমর্থনে এক জনসভায় বলেন, দুর্যোগের রাতেই তিনি এসে দুর্গতদের পাশে দাঁড়ান, যথাসাধ্য সাহায্যের হাত বাড়িয়ে দেন। অথচ প্রধানমন্ত্রী গতকাল রাজ্যে এসে তাঁর জনসভায়

জলপাইগুড়ির বিপর্যস্ত মানুষের কথা উল্লেখ'ও করেন নি বলে মমতার দাবী। নির্বাচনী বিধি ভঙ্গ না করেই অবিলম্বে জলপাইগুড়ির দুর্গত মানুষের জন্য বাড়ি তৈরি সহ বিভিন্নভাবে সাহায্যের বন্দোবস্ত করতে চেয়ে নির্বাচন কমিশনের প্রতি আর্জি জানান মমতা।

(বাইট- মমতা)

সন্দেশখালি প্রসঙ্গে মুখ্যমন্ত্রী বলেন, সেখানে যাদের জমি দখল করা হয়েছিল, তা' ফিরিয়ে দেওয়া হয়েছে। তাঁর কাছে এ'ব্যাপারে যেসমস্ত অভিযোগ আসে, সেই অনুযায়ী বেশ কয়েকজনকে গ্রেপ্তার'ও করা হয়েছে। তবে, সেখানে মা-বোনেদের ওপর নির্যাতনের অভিযোগ ভিত্তিহীন বলে তিনি দাবী করেন।

এর আগে তুফানগঞ্জ-এর নাগুরহাটে আলিপুরদুয়ারের তৃণমূল কংগ্রেসের প্রার্থী প্রকাশ চিক বড়াইকের সমর্থনে এক জনসভায় মুখ্যমন্ত্রী আবারো ১০০ দিনের কাজ, আবাস যোজনার টাকা নিয়ে কেন্দ্রের বিরুদ্ধে সরব হন।

সন্ধ্যায় তৃণমূল কংগ্রেস নেত্রী রায়গঞ্জ লোকসভা কেন্দ্রের প্রার্থী কৃষ্ণ কল্যাণীকে নিয়ে এক পদযাত্রা করেন।

*********************

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী অভিযোগ করেছেন, তৃণমূল কংগ্রেস সংখ্যালঘুদের ভোট ব্যাঙ্ক হিসেবে ব্যবহার করছে। তিনি আজ নদীয়ার চাপড়ায় কৃষ্ণনগরের বিজেপি প্রার্থী অমৃতা রায়ের সমর্থনে এক প্রচার সভায় EVM-এর মাধ্যমে সন্দেশখালির বদলা নেওয়ার আবেদন জানান।

(বাইট- শুভেন্দু)

বালি, কয়লা গরু পাচার ও রেশন কেলেঙ্কারির মতো বিভিন্ন দুর্নীতির সঙ্গে শাসক দল ও দলনেত্রী যুক্ত বলেও শুভেন্দু দাবী করেন।

চাপড়ায় বিজয় সংকল্প সভা ও দলীয় মিছিলে যোগ দিয়ে তিনি লোকসভা নির্বাচনে রাজ্যের ১০০ শতাংশ বুথে কেন্দ্রীয় বাহিনী দেওয়ার'ও দাবী জানান।

এদিকে, তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় আজ মালদায় এক সাংগঠনিক বৈঠক করেন। দলের ১২১ জন কর্মকর্তার উপস্থিতিতে ওই বৈঠকে নির্বাচনী রণকৌশল স্থির করা হয় বলে জানা গেছে।

*********************

পূর্ব মেদিনীপুরের ময়নার বিজেপির বুথ সভাপতি বিজয়কৃষ্ণ ভুঁইয়ার অস্বাভাবিক মৃত্যুর মামলার তদন্তভার জাতীয় তদন্তকারী সংস্থা- NIA-কে দিল কলকাতা হাইকোর্ট। ১৫ দিনের মধ্যে NIA-কে তদন্তভার গ্রহণ করতে হবে বলে আজ নির্দেশ দিয়েছেন বিচারপতি জয় সেনগুপ্ত। সেই সঙ্গে এই মামলার শুনানিতে আজ কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রকের ভূমিকারও সমালোচনা করেছে হাইকোর্ট।

উল্লেখ্য, গত বছর পয়লা ফেব্রুয়ারি এই মামলায় NIA-কে যুক্ত করেছিল হাইকোর্ট। কেন্দ্রের তরফে আইনজীবী আজ আদালতে জানান, হাইকোর্টের নির্দেশের কথা স্বরাষ্ট্রমন্ত্রককে চিঠি দিয়ে জানানো হয়েছিল। কিন্তু সেই চিঠির কোনও জবাব পাওয়া যায়নি।

গত বছর মে মাসে বিজেপির বুথ কমিটির সভাপতি বিজয়কৃষ্ণ ভুইয়াঁকে অপহরণ করে তৃণমূলের দুষ্কৃতীরা খুন করেছে বলে অভিযোগ করে বিজেপি।

*********************

তীব্র অস্বস্তিকর গরমে রাজ্যের মানুষ নাজেহাল। শুষ্ক পশ্চিমী বাতাস বইতে থাকায় দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় আজকের মতো আগামীকাল’ও তাপপ্রবাহ এবং আর্দ্র অস্বস্তিকর গরমের পূর্বাভাস দিয়েছে আলিপুর আবহাওয়া দপ্তর।

দক্ষিণবঙ্গে আজ পুরুলিয়া, বাঁকুড়া, পশ্চিম বর্ধমান ও বীরভূমে আজ তাপপ্রবাহের পরিস্থিতি ছিল। দক্ষিণবঙ্গের বাকি জেলা এবং উত্তরবঙ্গে মালদা, উত্তর ও দক্ষিণ দিনাজপুরে আর্দ্র অস্বস্তিকর গরম অনুভূত হয়। দার্জিলিং, জলপাইগুড়ি ও কালিম্পং জেলায় আজ সন্ধ্যায় ঝড় বৃষ্টির পূর্বাভাস দেওয়া হয়েছে।

আগামীকাল'ও (৬ তারিখ) পুরুলিয়া, বাঁকুড়া, পশ্চিম বর্ধমান ও বীরভূমের কয়েকটি জায়গায় তাপপ্রবাহের সতর্কতা জারি করা হয়েছে। দক্ষিণবঙ্গের বাকি জেলাগুলিতে আর্দ্র অস্বস্তিকর আবহাওয়াই থাকবে।

কলকাতায় আজ সর্ব্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৬ দশমিক ৭ ডিগ্রি সেলসিয়াস- স্বাভাবিকের তুলনায় যা ২ ডিগ্রি বেশী। সকালের সর্বনিম্ন তাপমাত্রা'ও ছিল স্বাভাবিকের চেয়ে ৩ ডিগ্রী ওপর- ২৮ দশমিক ২ ডিগ্রী সেলসিয়াস।

*********************

রাজ্য ফুটবল নিয়ামক সংস্থা- IFA-র গভর্নিং বডির সভায় গতকাল ইউনাইটেড কলকাতা স্পোর্টস ক্লাব নামের একটি নতুন ক্লাবকে তাদের আবেদনের প্রেক্ষিতে প্রথম ডিভিশনে খেলার অনুমতি দেওয়া হয়েছে । ১২ টি নতুন বিশ্ববিদ্যালয়ের অনুমোদন দেওয়ার বিষয়ে গভর্নিং বডিতে সিদ্ধান্ত নেওয়া হয়। IFA অ্যাক্যাডেমি অ্যাক্রেডেশন এর জন্য আবেদন করা ২৬ টি অ্যাকাডেমির পরিকাঠামো খতিয়ে দেখে ১৪ টি অ্যাকাডেমিকে অনুমোদন দেওয়া হয়েছে।

************************************************************